

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 27-11-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Land Port-Agartala :

আগরতলা স্থল বন্দরে গতকাল থেকে নতুন ধরনের সফটওয়্যার প্রযুক্তি ল্যান্ডপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেমের ব্যবহার শুরু হয়েছে। আগরতলা আই সি পি (ICP) প্রাঙ্গণে এক অনুষ্ঠানে ভারতের স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আদিত্য মিশ্র এই নয়া পদ্ধতির সূচনা করেন। এই নতুন প্রযুক্তির সাহায্যে স্থলবন্দরে পণ্যবাহী লরিগুলোকে সহজেই চিহ্নিত করা যাবে। শ্রী মিশ্র বলেন, ভবিষ্যতে যাত্রী পারাপারের ক্ষেত্রেও এই পদ্ধতি প্রয়োগ করা হবে। তাছাড়া এই ধরনের পদ্ধতিতে যাত্রী ও পণ্য চলাচলে সারা দেশেই তথ্য আদান প্রদানও সহজ হবে। স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আদিত্য মিশ্র সবুজ পতাকা নেড়ে এল পি এম এস (LPMS) পদ্ধতিতে পণ্যবাহী লরি চলাচলের সূচনা করেন।

Land Port-Sabroom :

ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান আদিত্য মিশ্র গতকাল সাব্রুমের মৈত্রী সেতু সংলগ্ন ইন্টিগ্রেটেড চেকপোস্ট পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি চেকপোস্টের কাজকর্মের অগ্রগতি তদারকি করেন। তিনি বিল্ডিং ও ব্রিজ: ট্রেড অ্যান্ড কানেক্টিভিটি থ্রু ল্যান্ড পোর্ট সাব্রুম"- শীর্ষক একটি সম্মেলনেও বক্তব্য রাখেন। শ্রী মিশ্র বলেন বহু আগেই সাব্রুম স্থলবন্দরের কাজ শেষ হয়েছে, উদ্বোধনও হয়ে গেছে। এ বছরের আগস্ট মাসে দুই দেশের মধ্যে কথাবার্তার মাধ্যমে যাত্রী পারাপারের সিদ্ধান্ত নেওয়া হলেও বাংলাদেশের আভ্যন্তরীণ পরিস্থিতির কারণে

যাত্রী পারাপারের সিদ্ধান্ত কার্যকর করা যায়নি। কবে নাগাদ যাত্রী পারাপার শুরু হবে এই বিষয়েও ভবিষ্যতে বাংলাদেশের সঙ্গে আলোচনা হবে। তিনি আরো বলেন, সাব্রুম স্থলবন্দরটি বিশেষ গুরুত্ব রয়েছে। যাত্রী পারাপার শুরু হলে বাংলাদেশের বিশেষ করে চট্টগ্রামের সঙ্গে যোগাযোগ অনেক সহজ হয়ে যাবে।

PM Narendra Modi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের নিরাপত্তাকে চ্যালেঞ্জ করা যে কোনও সন্ত্রাসবাদী সংগঠনের উপযুক্ত জবাব দেওয়ার জন্য ভারতের সংকল্প পুনর্ব্যক্ত করেছেন। তিনি গতকাল নতুন দিল্লিতে সুপ্রিমকোর্টে সংবিধান দিবস উদযাপনের ভাষণে বক্তব্য রাখছিলেন। শ্রী মোদী বলেন, ভারত যখন গণতন্ত্রের এই গুরুত্বপূর্ণ উৎসবকে স্মরণ করছে, তখন মুম্বাইয়ের সন্ত্রাসবাদী হামলার বার্ষিকী দেশ ভুলে যেতে পারে না। এই হামলায় যাঁরা প্রাণ হারিয়েছেন, তাঁদের প্রতি তিনি শ্রদ্ধা জানান। শ্রী মোদী বলেন, সংবিধান হল দেশের বর্তমান ও ভবিষ্যতের পথপ্রদর্শক। তিনি উল্লেখ করেন যে, গত ৭৫ বছরে যখনই কোনও সমস্যা দেখা দিয়েছে, সংবিধান সেগুলির সমাধানের জন্য সঠিক পথ তৈরি করেছে। শ্রী মোদী বলেন, প্রথমবার জম্মু ও কাশ্মীরে সংবিধান দিবস উদযাপিত হয়েছে।

PM Matsha Sampada Yojna :

গ্রামীণ অর্থনীতির বিকাশে মৎস্য চাষকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এক্ষেত্রে কেন্দ্রীয় প্রকল্প প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা উল্লেখযোগ্য ভূমিকা নিচ্ছে। গতকাল মেলাঘর পদ্মতেপায় নবনির্মিত মিনি মৎস্য উৎপাদন মিলের উদ্বোধন কোরে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। মৎস্যমন্ত্রী আরও বলেন, মিনি ফিস ফিড মিলটি সমবায় সমিতির সদস্যদের কাছে একটা সম্পদ হয়ে

উঠবে। তিনি আশা প্রকাশ করেন এই মিলটির মাধ্যমে সমবায় সমিতির সদস্যরা আগামীদিনে স্বনির্ভর হয়ে উঠবেন। উল্লেখ্য প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় পদ্মতেপায় এই মিলটি নির্মাণ করা হয়েছে।

Imposing Restrictions-Khowai :

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে খোয়াই জেলার অন্তর্গত খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আদেশ গত ২৫ নভেম্বর থেকে আগামী ২৩ জানুয়ারি, ২০২৫ পর্যন্ত বলবৎ থাকবে। প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন ভোর ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। খোয়াই জেলার জেলাশাসক এই আদেশ জারি করেছেন।

Techno India University :

ত্রিপুরার টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটিতে গতকাল থেকে সপ্তাহব্যাপী বিশ্ববিদ্যালয় সপ্তাহ কর্মসূচি শুরু হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের লোকাযুক্ত ড. বিভাস কান্তি কিলিকদার। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি এস সি দাস, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ডাঃ রতন কুমার সাহা। এই কর্মসূচী সমাপ্ত হবে আগামী ২ ডিসেম্বর। অনুষ্ঠানে সংবিধান দিবস উদযাপন, আইন সম্পর্কিত কর্মসূচি, ফিট ইন্ডিয়া উইক অনুষ্ঠান পালন করা হবে।

Assam Rifles :

সংবিধান দিবস উপলক্ষ্যে আসাম রাইফেলসের উদ্যোগে গতকাল রাধানগরে আসাম রাইফেলস পাবলিক স্কুলে এক অনুষ্ঠানের

আয়োজন করা হয়। স্কুলের ছাত্রছাত্রী সহ স্থানীয় যুবাদের ভারতীয় সংবিধানের প্রস্তাবনা পাঠ করানো হয় বলে এক প্রেস বিবৃতিতে জানিয়েছে আসাম রাইফেলস কতৃপক্ষ।

Central Trade Union :

কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন ও সংযুক্ত কৃষাণ মোর্চার যৌথ উদ্যোগ ১২ দফা দাবিতে গতকাল আগরতলায় জমায়েত ও মিছিল সংঘটিত হয়েছে। দাবিগুলির মধ্যে ছিল ফসলের ন্যূনতম সহায়ক মূল্য প্রদান, রেগায় ৬০০ টাকা মজুরি প্রদান, দ্রব্যমূল্য হ্রাস ইত্যাদি।

HFT :

হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার ২১তম বার্ষিক রাজ্য সম্মেলন আগামী ৩০শে নভেম্বর অনুষ্ঠিত হবে সুপারিবাগান দশরথ দেব স্মৃতি ভবনে। এই সম্মেলনের উদ্বোধন করার কথা রয়েছে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার। দুই দিনের এই সম্মেলনে থাকবে বিজ্ঞান ভিত্তিক আলোচনা। হেপাটাইটিস রোগ ছাড়াও এইচ আই ভি/এইডস, ড্রাগ অ্যাডিকশন, মহিলাদের স্বাস্থ্য সমস্যা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা হবে। পয়লা ডিসেম্বর বিশ্ব এইডস দিবস উদযাপন করা হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.২ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *